

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
Website: www.ngoab.gov.bd

নং-০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.১১৫.১৭-৩১৯

তারিখঃ ০৬/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের যে কোন পরিবর্তনের বিষয়ে জুলাই/২০১০ হতে ডিসেম্বর/২০১৬ সময়ে দাখিলকৃত চালানোর উপর ১৫% বকেয়া ভ্যাট প্রদানপূর্বক চালান জমা প্রসংগে।

- সূত্রঃ ১) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(১) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড এর এসআরও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪ মোতাবেক।
- ২) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর স্মারক নং-৪/মূসক/৮(৮০৯) কর ফাঁকি/বিচার/১৭/৭০২, তারিখঃ ২৭/০৪/২০১৭ খ্রিঃ।
- ৩) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর স্মারক নং-৪/মূসক/৮(১০৯)কর ফাঁকি/বিচার/১৫/৯৩২, তারিখঃ ১৩/০৬/২০১৭ খ্রিঃ।
- ৪) ব্যুরোর স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.১১৫.১৭-৪০৬, তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫(১) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড এর এসআরও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪ মোতাবেক বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের যে কোন পরিবর্তন/সংশোধন/সংযোজনের বিষয়ে দাখিলকৃত চালানোর ১৫% ভ্যাট বাবদ অর্থ সরকারী কোষাগারে জমা করার বিধান থাকলেও তা ব্যুরো হতে আদায় করা হয়নি। তদুপরি, সূত্রস্থ ২ ও ৩নং স্মারকের মাধ্যমে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা-এর পত্রে ২০১০-২০১১ হতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত সময়ে বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের যে কোন পরিবর্তন/ সংশোধন/ সংযোজনের বিষয়ে দাখিলকৃত চালানোর উপর প্রদেয় ১৫% ভ্যাট বাবদ অর্থ আদায় করা হয়নি মর্মে আপত্তি প্রদান করে ব্যুরোতে পত্র প্রেরণ ও পরবর্তীতে তাগিদপত্রও প্রদান করা হয়েছে। এ বিষয়ে সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে ভ্যাট বাবদ অনাদায়ী ১৫% অর্থ পরিশোধের জন্য তার সংস্থার নিকট পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি সংস্থা কর্তৃক বকেয়া ভ্যাট পরিশোধ করা হয়নি।

০২। এমতাবস্থায়, ২০১০-২০১১ হতে ২০১৫-২০১৬ অর্থবছরে তার সংস্থার নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের যে কোন পরিবর্তন/সংশোধন/সংযোজনের বিষয়ে দাখিলকৃত চালানোর উপর ১৫% ভ্যাট বাবদ বকেয়া/- টাকা সরকারী কোষাগারে (কোড নং-১-১১৩৩-০০১০-০৩১১) জমাপূর্বক চালানোর মূলকপিসহ ০২(দুই) কপি পত্র প্রাপ্তির ১৫(পনের) কর্মদিবসের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন শাখায় জমা প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। অন্যথায়, আর কোন নোটিশ ব্যতিরকেই সংস্থার বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

চিত্রা শিকারী

সহকারী পরিচালক-১

ফোনঃ ৫৫০০৭৪০৭-৯।

প্রধান নির্বাহী/নির্বাহী পরিচালক

স্বাক্ষর এনজিও।
.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।

[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

০২। প্রশাসনিক কর্মকর্তা, এনজিও বিষয়ক ব্যুরো [পত্রখানা ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]

০৩। অফিস কপি/মাস্টার ফাইল।